ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭৩৭
মোহনপুর, ১২ নভেম্বর,২০২৫

**মোহনপুর পঞ্চায়েত সমিতির শিক্ষা ও**
**স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

আজ মোহনপুর পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে মোহনপুর পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর ব্লকের বিডিও গোপাল কৃষ্ণ দত্ত, স্থায়ী কমিটির সদস্য সদস্যাগণ, শিক্ষা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিকগণ। সভায় দপ্তরের আধিকারিকগণ সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে আলোচনা করেন। এছাড়াও সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তগুলি নিয়ে আলোচনা করা হয়। সভায় মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব দপ্তরের আধিকারিকদের দায়িত্ব নিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিগুলি সম্পন্ন করার পরামর্শ দেন।

*****